


প্রেস রিলিজ
২০ নভেম্বর ২০২৪

প্রশিক্ষণবিহীন বেকার যুবকদের দক্ষতা বৃদ্ধিতে বাউবি, বিশ্ব ব্যাংক ও যুব উন্নয়ন অধিদপ্তরের যৌথ সভা অনুষ্ঠিত



বাংলাদেশের যে সমস্ত যুবক শিক্ষা, প্রশিক্ষণ বা কর্মরত নেই (Not in Education, Employment or Training) তাদের এসএসসি (ভোকেশনাল) প্রোগ্রামের মাধ্যমে কিভাবে দক্ষ জনশক্তিতে রূপান্তর করা যায় এ বিষয়ে ১৯ নভেম্বর ২০২৪ তারিখ বিশ্বব্যাংক, যুব উন্নয়ন অধিদপ্তর ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর প্রতিনিধিদের নিয়ে বাউবির উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম-এর সভাপতিত্বে উপাচার্যের ঢাকাস্থ কার্যালয়ে যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভায় বাউবির প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, Economic Acceleration and Resilience-EARN প্রকল্পের প্রকল্প পরিচালক কাজী মোখলেসুর রহমান, বিশ্বব্যাংকের আর্ন প্রজেক্ট কনসালটেন্ট রওনাক জাহান, প্রজেক্ট ম্যানেজমেন্ট স্পেশালিস্ট মোহাম্মদ মামুন মিয়া, বাউবির রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম, BOU Earn Cell এর পরিচালক অধ্যাপক ড. সাবিনা ইয়াসমিন, আইকিউএসি এর পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম এবং সহকারী অধ্যাপক ড. মিজানুর রহমানসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রাথমিকভাবে ১ (এক) লক্ষ যুবককে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষম করার ব্যবস্থা নেয়া হবে। এ লক্ষ্যে ১লা জানুয়ারী ২০২৫ তারিখ হতে শিক্ষা কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে আগামী ০৪ ডিসেম্বর ২০২৪ তারিখ বাউবি ও যুব উন্নয়ন অধিদপ্তরের মধ্যে চুক্তি স্বাক্ষর করার বিষয়ে এ সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।



মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)
মোবাইল- ০১৭১১২০৭৬৯৮